

সংবাদ

ঢাবিতে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

আগামী শুক্রবার কলা অনুষদের অধীন 'খ' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা। পরদিন শনিবার চারুকলা অনুষদজুজ 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) অনুষ্ঠিত হবে। গতকাল বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'খ' ইউনিটের দুই হাজার ২৪১ আসনের বিপরীতে ৩৪ হাজার ৬০৬ জন ভর্তিচ্ছু অংশ নেবেন। 'চ' ইউনিটের পরীক্ষায় ১৩৫টি আসনের পরীক্ষা : পৃষ্ঠা : ২ ক : ৪।

পরীক্ষা : শুক্রবার

(১৬ পৃষ্ঠার পর)

বিপরীতে ভর্তিচ্ছু ১০ হাজার ২৪৩ জন। দুটি পরীক্ষাই অনুষ্ঠিত হবে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত। ভর্তি পরীক্ষার আসন বিনগ্যাস ধফসরংরডহ, বরং ফ, ধপ, নফ ওয়েবসাইট থেকে জানা যাবে। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা ৩০ সেপ্টেম্বর, 'ক' ইউনিটের ২১ অক্টোবর, 'ঘ' ইউনিটের ২৮ অক্টোবর এবং 'চ' ইউনিটের অঙ্কন পরীক্ষা ১ অক্টোবর অনুষ্ঠিত হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোনসহ টেলিযোগাযোগ করা যায় এমন ইলেক্ট্রনিক যন্ত্র নিয়ে প্রবেশ করা যাবে না। অসদুপায় তেঁকাতে ডায়ামাণ আদালত পরীক্ষার সময় দায়িত্ব পালন করবে।